

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০২.২০২৩/৪২

তারিখ: ০৯ এপ্রিল, ২০২৩ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ১৯/২০২৩

**বিষয়ঃ** আমদানিতব্য “Everglow Face Wash Gel Neem Extract EGL002” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

**সূত্রঃ** Union BD Consumer Ltd. এর ৩০/০১/২০২৩ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Union BD Consumer Ltd. নামক প্রতিষ্ঠান “Everglow Face Wash Gel Neem Extract EGL002” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	Union BD Consumer Ltd.
আবেদনকারীর ঠিকানা	16-A/5, Ring Road, Mohammodpur, Dhaka-1207.

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	Everglow Face Wash Gel Neem Extract EGL002
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	Pieces
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	Thailand
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	3401.30.00

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানি পণ্যের বিবরণ:

Face Wash হিসেবে ব্যবহারের জন্য Everglow Face Wash Gel Neem Extract EGL002 নামক পণ্যটি Pieces প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিকারক Union BD Consumer Ltd. তাঁর আবেদনে আমদানিতব্য Everglow Face Wash Gel Neem Extract EGL002 নামক পণ্যটিকে এইচ এস কোড 3401.30.00 তে শ্রেণীবিন্যাসের জন্য আবেদন করেছেন। এ প্রসঙ্গে Bangladesh Customs Tariff (BCT) 2022-23 তে দেখা যায়, এইচ এস কোড 3401.30.00 তে শ্রেণীবিন্যাসযোগ্য পণ্যসমূহ হচ্ছে Organic surface active products and preparations for washing the skin, in the form of liquid or cream and put up for retail sale, whether or not containing soap. আবেদনের সাথে সরবরাহকৃত নমুনা এবং ক্যাটালগ যাচাই করা হয়। এতে দেখা যায়, আমদানিতব্য পণ্যটি liquid form এ retail sale উপযোগী মোড়কে উপস্থাপন করা হয়েছে। তবে নমুনা ও ক্যাটালগ বিস্তারিত পর্যবেক্ষণে পণ্যটিতে washing the skin এর অতিরিক্ত হিসেবে Anti acne বা ব্রণ প্রতিরোধী উপযোগিতা দৃশ্যমান হয়েছে। ফলে পণ্যটিকে এইচ এস কোড 3401.30.00 তে শ্রেণীবিন্যাসের সুযোগে নেই। এ প্রসঙ্গে হেডিং 33.04 এর Terms গুলো দেখা যেতে পারে যেখানে বলা হয়েছে- Beauty or make-up preparations for the care of the skin (other than medicaments), including sunscreen or sun tan preparations যা আমদানিতব্য পণ্যের বৈশিষ্ট্যের সাথে

সামঞ্জস্যপূর্ণ। বর্ণিত অবস্থায়, সার্বিক বিবেচনায় পণ্যটি এইচ এস কোড 3304.99.00 তে শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংশ্লিষ্ট হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-০৯.০৪.২০২৩

(মোঃ মাসুদ সাদিক)

সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)

ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৬.১৭/ ৪২(২৭)

তারিখ: ০৯ এপ্রিল, ২০২৩ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) / (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বহং করদাতা ইউনিট (মুসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ শুল্ক রেয়াত ও প্রতারণা পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।


২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। ব্যবস্থাপনা পরিচালক, Union BD Consumer Ltd., 16-A/5, Ring Road, Mohammodpur, Dhaka-1207.

২৭। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

  
(মুকিতুল হাসান)  
দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ই-মেইল: nbrclassification@gmail.com